অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/28/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং অ্যাটর্নি জেনারেল জেমস শিশুদের অনলাইনে সুরক্ষিত রাখার জন্য SAFE FOR KIDS ACT-এর চূড়ান্ত বিধিমালা ঘোষণা করলেন

চূড়ান্ত বিধিমালায় বলা হয়েছে শিশুদের জন্য আসক্তি সৃষ্টিকারী ফিড এবং রাতের বেলার নোটিফিকেশন বন্ধ করার জন্য কীভাবে সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলিকে ব্যবহারকারীদের বয়স নিশ্চিত করতে হবে

আসক্তি সৃষ্টিকারী ফিড সীমিত করা, ক্ষতিকর AI কম্প্যানিয়নের বিরুদ্ধে সুরক্ষা ব্যবস্থা তৈরি, স্কুলে স্মার্টফোন নিষিদ্ধ করা, সোশ্যাল মিডিয়াতে সতর্কীকরণ লেবেল শুরু করা, এবং শিশুদের অনলাইনে শিকারি আচরণ থেকে সুরক্ষিত রাখতে গভর্নরের দেশসেরা উদ্যোগকে আরো অগ্রসর করবে

শিশুদের অনলাইনে নিরাপদ রাখতে প্রযুক্তি আইনের ক্ষেত্রে নিউ ইয়র্ক দেশে প্রথম স্থানে রয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং অ্যাটর্নি জেনারেল Letitia James (লেটিশিয়া জেমস) আজকে ঘোষণা করেছেন যে Stop Addictive Feeds Exploitation for Kids Act (SAFE for Kids Act) মান্য করতে এবং শিশুদের মানসিক স্বাস্থ্যকে সুরক্ষিত রাখতে সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলিকে কীভাবে তাদের প্ল্যাটফর্মে আসক্তি সৃষ্টিকারী ফিচার সীমিত করতে হবে সে বিষয়ে চূড়ান্ত বিধিমালা প্রকাশ করা হয়েছে। নিউ ইয়র্কের অগ্রণী SAFE for Kids Act অনুযায়ী 18 বছরের কম বয়সী ব্যবহারকারীদের জন্য অ্যালগরিদমভিত্তিক ব্যক্তিগতকৃত ফিড এবং রাতের বেলার নোটিফিকেশন সীমিত করতে হবে, যদি না সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলি অভিভাবকের সম্মতি গ্রহণ করে। অ্যালগরিদমভিত্তিক ফিড এবং রাতের বেলার নোটিফিকেশন শিশু ও কিশোর-কিশোরীদের মধ্যে বিষণ্নতা, উদ্বেগ, খাদ্যাভ্যাস এবং ঘুমের রোগ, এবং অন্যান্য মানসিক স্বাস্থ্য সমস্যার সাথে সম্পর্কিত। আজ প্রকাশিত বিধিমালায় কোন কোন প্ল্যাটফর্ম SAFE for Kids Act-এর শর্তাবলীর আওতায় পড়বে তা স্পষ্ট করার জন্য মানদণ্ড নির্ধারণ করা হয়েছে এবং ব্যবহারকারীদের বয়স নির্ধারণ ও অভিভাবকের সম্মতি গ্রহণের মানদণ্ড নির্ধারণ করা হয়েছে। এই ঘোষণা আসক্তি সৃষ্টিকারী ফিড সীমিত করা, ক্ষতিকর AI কম্প্যানিয়নের বিরুদ্ধে সুরক্ষা ব্যবস্থা তৈরি, স্কুলে স্মার্টফোন নিষিদ্ধ করা, সোশ্যাল মিডিয়াতে সতর্কীকরণ লেবেল শুরু করা, এবং শিশুদের অনলাইনে শিকারি আচরণ থেকে সুরক্ষিত রাখতে গভর্নর Hochul-এর (হোকল) দেশসেরা কাজকে আরো অগ্রসর করছে।

"আমি যখন দায়িত্ব গ্রহণ করি, তখন আমাদের শিশুরা একটি পূর্ণমাত্রার মানসিক স্বাস্থ্য সংকটের মধ্যে ছিলো, এবং নিউ ইয়র্কের প্রথম মা গভর্নর হিসেবে আমি পদক্ষেপ নেওয়াকে

একটি নৈতিক দায়িত্ব বলে মনে করেছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আজকে আমরা একটি স্পষ্ট বার্তা দিচ্ছি: আমাদের শিশুদের মানসিক স্বাস্থ্য বিক্রির জন্য নয়। আমরা পদক্ষেপ নেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলাম, এবং শিশুদের লক্ষ্য করে আসক্তি সৃষ্টিকারী ফিড সরবরাহকারী যেকোনো প্ল্যাটফর্মকে আইনি পরিণতির মুখোমুখি হতে হবে তা নিশ্চিত করার মাধ্যমে SAFE for Kids Act সেই প্রতিশ্রুতি বাস্তবায়ন করছে। ক্লিক করা এবং অনবরত স্ক্রল করার পরিবর্তে, আমাদের শিশুরা এখন শিখবে ও বিকশিত হবে।"

অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেছেন, "SAFE for Kids Act আমাদের শিশুদের অনলাইনে নিরাপদ রাখতে এবং নিয়ন্ত্রণহীন সোশ্যাল মিডিয়ার ধ্বংসাত্মক প্রভাব থেকে তরুণদের সুরক্ষিত করতে দেশের মধ্যে অগ্রণী ভূমিকা পালন করছে। এই বিধিমালায় বয়স যাচাই এবং অভিভাবকীয় নিয়ন্ত্রণের মানদণ্ড নির্ধারণ করা হয়েছে যাতে নিশ্চিত করা যায় যে প্রযুক্তি কোম্পানিগুলি তাদের প্ল্যাটফর্মে শিশুদের নিরাপদ রাখতে নিজেদের দায়িত্ব পালন করবে। কমবয়সীরা বিশেষভাবে সোশ্যাল মিডিয়ার আসক্তি সৃষ্টিকারী ফিচারের প্রতি ঝুঁকিপূর্ণ, এবং আমার অফিস সম্ভাব্য ক্ষতিকর প্রযুক্তি ও যেসব কোম্পানি তাদের সুযোগ নেওয়ার চেষ্টা করে তাদের হাত থেকে সব নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।"

অ্যালগরিদমভিত্তিক ব্যক্তিগতকৃত ফিড, বা আসক্তি সৃষ্টিকারী ফিড, ব্যবহারকারীর সম্পর্কে প্ল্যাটফর্ম যে তথ্য সংগ্রহ করে তার ভিত্তিতে অবিরাম ধারায় বিভিন্ন কনটেন্ট সুপারিশ বা ব্যক্তিগতভাবে উপস্থাপন করে। এগুলি এমনভাবে তৈরি করা হয় যাতে ব্যবহারকারী প্ল্যাটফর্মটি ব্যবহার করতে থাকে এবং বারবার সেখানে ফিরে আসে। আসক্তি সৃষ্টিকারী ফিডে প্রদর্শিত কনটেন্ট প্রায়ই এমন অ্যাকাউন্ট থেকে আসে, যেগুলি ব্যবহারকারী নিজে নির্বাচন করেননি, ফলো করেন না, এবং সেগুলি অনেক সময় কালানুক্রমিক ক্রম অনুসারে প্রদর্শিত হয় না।

আসক্তি সৃষ্টিকারী ফিড অপ্রাপ্তবয়স্কদেরকে অস্বাস্থ্যকর মাত্রায় সোশ্যাল মিডিয়া ব্যবহারে উৎসাহিত করে, যা তাদের মানসিক স্বাস্থ্যের উপর প্রভাব ফেলতে পারে। গবেষণায় দেখা গেছে, 10 থেকে 14 বছর বয়সী ছোট শিশুরাও সোশ্যাল মিডিয়ার আসক্তিমূলক ব্যবহার শুরু করে, এবং শিশুরা যত বেশি সময় সোশ্যাল মিডিয়াতে কাটায়, তাদের মধ্যে বিষণ্নতা, উদ্বেগ, খাদ্যাভ্যাস এবং ঘুমের রোগের মতো নেতিবাচক মানসিক স্বাস্থ্যগত সমস্যার ঝুঁকি তত বেশি বেড়ে যায়।

শিশুদের জন্য স্টপ অ্যাডিকটিভ ফিড এক্সপ্লয়েটেশন (Stop Addictive Feeds Exploitation, SAFE) আইন 18 বছরের কম বয়সী ব্যবহারকারীদের জন্য সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলিকে আসক্তি সৃষ্টিকারী ফিড সীমিত করতে বাধ্য করার মাধ্যমে শিশুদের মানসিক স্বাস্থ্যসংক্রান্ত এই উদ্বেগগুলির সমাধান করে। কমবয়সীদের প্ল্যাটফর্মে লম্বা সময় ধরে রাখার উদ্দেশ্যে তৈরি ডিফল্ট অ্যালগরিদমভিত্তিক ব্যক্তিগতকৃত ফিডের পরিবর্তে, 18 বছরের কম বয়সী ব্যবহারকারীদের শুধুমাত্র তারা যেসব অ্যাকাউন্ট ফল করে বা অন্যভাবে নির্বাচন করে, সেসব অ্যাকাউন্টের কনটেন্ট একটি নির্ধারিত ক্রমে, যেমন কালানুক্রমিকভাবে, দেখানো হবে, যদি না তারা আসক্তি সৃষ্টিকারী ফিড ব্যবহারের জন্য অভিভাবকের সম্মতি পায়। কোনো ব্যবহারকারী যদি আসক্তি সৃষ্টিকারী ফিডের জন্য অভিভাবকের সম্মতি না চায় বা না পায়, তাহলে শুধু সেই কারণে তাকে প্ল্যাটফর্ম থেকে বঞ্চিত করা যাবে না। পরিবর্তে, সব ব্যবহারকারীই বর্তমানে যেসব কনটেন্ট দেখতে পারেন, সেগুলির সবই দেখতে পারবেন। এছাড়াও, আইনটি অভিভাবকের

সম্মতি ছাড়া রাত 12টা থেকে সকাল 6টা পর্যন্ত 18 বছরের কম বয়সী ব্যবহারকারীদের কাছে সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলির নোটিফিকেশন পাঠানো নিষিদ্ধ করেছে।

2024 সালের জুন মাসে গভর্নর Hochul-এর (হোকল) এটিকে আইন হিসেবে স্বাক্ষর করার পর SAFE for Kids Act অফিস অফ অ্যাটর্নি জেনারেলকে (Office of the Attorney General, OAG) কোম্পানিগুলি কীভাবে আইনটি মেনে চলবে সে বিষয়ে বিধিমালা প্রণয়নের ক্ষমতা দেয়, যার মধ্যে ব্যবহারকারীর বয়স নির্ধারণ এবং অভিভাবকের সম্মতি নিশ্চিত করার জন্য ইন্ডাস্ট্রির মানদণ্ড নির্ধারণকারী বিধি আছে। OAG 1 আগস্ট, 2024 তারিখে প্রস্তাবিত বিধিমালা প্রণয়নের অগ্রিম বিজ্ঞপ্তি প্রকাশ করে, এবং জনসাধারণকে মতামত জমা দেওয়ার জন্য 60 দিনের সময় দেয়। প্রস্তাবিত বিধিমালাগুলি 15 সেপ্টেম্বর, 2025 তারিখে পর্যালোচনার জন্য সকলের জন্য প্রকাশ করা হয়। OAG জনসাধারণের মতামত, ইন্ডাস্ট্রির গবেষণা, এবং তাদের গুরুত্বপূর্ণ অভিজ্ঞতা একত্রিত করে প্রস্তাবিত ও চূড়ান্ত বিধিমালা প্রস্তুত করেছে।

বয়সের নিশ্চয়তা

- আইন এবং বিধিমালা অনুযায়ী, সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলিকে অ্যালগরিদমভিত্তিক ফিড এবং/অথবা রাতের বেলার নোটিফিকেশন প্রদান করার আগে নিশ্চিত করতে হবে যে সংশ্লিষ্ট ব্যবহারকারী একজন প্রাপ্তবয়স্ক। কোম্পানিগুলি বিধিমালায় নির্ধারিত নির্ভুলতার মানদণ্ড পূরণ করে এবং ব্যবহারকারীদের তথ্য সুরক্ষিত রাখে এমন যেকোনো পদ্ধতি ব্যবহার করে ব্যবহারকারীর বয়স নিশ্চিত করতে পারবে। কোম্পানিগুলি নিম্নলিখিত পদ্ধতিগুলি ব্যবহার করতে পারে:
    - একটি ছবি বা ভিডিও আপলোড করার অনুরোধ করা; অথবা
    - ব্যবহারকারীর বয়স তুলে ধরে এমন অন্যান্য তথ্যের সাথে মিলিয়ে দেখার জন্য ব্যবহারকারীর ইমেইল ঠিকানা বা ফোন নম্বর যাচাই করা।
- সরকারি পরিচয়পত্র প্রদানের পাশাপাশি সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলিকে বয়স যাচাইয়ের জন্য অন্তত একটি বিকল্প পদ্ধতি প্রদান করতে হবে।
- বয়স নির্ধারণ বা অভিভাবকের সম্মতি গ্রহণের জন্য ব্যবহৃত কোনো তথ্য অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না এবং নির্ধারিত উদ্দেশ্য পূরণের সাথে সাথে তা মুছে ফেলতে হবে অথবা সনাক্ত করা যাবে না এমন করে ফেলতে হবে। সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলিকে অবশ্যই ব্যবহারকারীর বয়স নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সর্বনিম্ন পরিমাণ তথ্য ব্যবহার করতে হবে।
- অপ্রাপ্তবয়স্ক ব্যবহারকারীদের 18 বছর বয়স হয়ে গেলে প্ল্যাটফর্মে অবশ্যই তাদের বয়সের অবস্থা হালনাগাদ করার সুযোগ থাকতে হবে।
- সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলিকে উচ্চ নির্ভুলতার হারসম্পন্ন একটি বয়স যাচাই পদ্ধতি বেছে নিতে হবে, প্রতি বছর তা পরীক্ষা করতে হবে, এবং সেই পরীক্ষার ফলাফল ন্যূনতম 5 বছর সংরক্ষণ করতে হবে।

অভিভাবকের সম্মতি

- অপ্রাপ্তবয়স্ক ব্যবহারকারীদের নিষিদ্ধ ফিচারের অ্যাক্সেস পাওয়ার জন্য নিজে থেকে আবেদন করতে হবে এবং তাদের অভিভাবককে এই বিষয়ে জানানোর আগে অবশ্যই তাদের সম্মতি নিতে হবে। কোনো অভিভাবক যদি সম্মতি প্রদান করতে চান তাহলে তাকেও অবশ্যই বয়স যাচাই প্রক্রিয়ার মধ্য দিয়ে যেতে হবে।
- শুধু তাদের অভিভাবক সম্মতি দিতে অস্বীকৃতি জানিয়েছেন বলে প্ল্যাটফর্ম কোনো অপ্রাপ্তবয়স্ক ব্যবহারকারীকে সাধারণভাবে প্ল্যাটফর্ম অ্যাক্সেস করা বা সার্চের মতো তাদের কন্টেন্ট ব্যবহার থেকে ঠেকাতে পারবে না।
- অভিভাবক এবং অপ্রাপ্তবয়স্ক ব্যবহারকারীদের জন্য এছাড়াও অবশ্যই যেকোনো সময় তাদের সম্মতি প্রত্যাহার করার সুযোগ থাকতে হবে।

শিশুদের জন্য স্টপ অ্যাডিকটিভ ফিড এক্সপ্লয়েটেশন (Stop Addictive Feeds Exploitation, SAFE) আইন এবং বিধিমালা "অ্যাডিক্টিভ অনলাইন প্ল্যাটফর্মের (Addictive Online Platforms" ক্ষেত্রে প্রযোজ্য হবে, যার সংজ্ঞা হলো এমন প্ল্যাটফর্ম যেখানে ব্যবহারকারীদের তৈরি করা কনটেন্ট প্রদর্শিত হয় এবং যেখানে ব্যবহারকারীরা ছয় মাসের সময়কালে প্ল্যাটফর্মে ব্যয় করা মোট সময়ের অন্তত 20 শতাংশ আসক্তি সৃষ্টিকারী ফিডে ব্যয় করেন।

সম্পূর্ণ চূড়ান্ত বিধিমালা OAG-এর ওয়েবসাইটে পাওয়া যাবে। চূড়ান্ত বিধিমালা 29 জুলাই, 2026 তারিখে স্টেট রেজিস্টারে (State Register) প্রকাশিত হবে। শিশুদের জন্য স্টপ অ্যাডিকটিভ ফিড এক্সপ্লয়েটেশন (Stop Addictive Feeds Exploitation, SAFE) আইন 180 দিন পর, 25 জানুয়ারি, 2027 থেকে কার্যকর হবে।

SAFE for Kids Act-টি OAG-কে আইনটি লঙ্ঘন বন্ধ করার জন্য লঙ্ঘনকারী কোম্পানিগুলির বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া এবং একই সাথে অন্যান্য প্রতিকারের পাশাপাশি প্রতিটি লঙ্ঘনের জন্য সর্বোচ্চ 5,000 মার্কিন ডলার পর্যন্ত দেওয়ানি জরিমানা চাওয়ার ক্ষমতা প্রদান করেছে।

স্টেটের সিনেটর Andrew Gounardes (অ্যান্ড্রু গাউনার্ডেস) বলেন, "আমি একটি সহজ কারণে এই আইনটি পাস করেছি: শিশুদের নিরাপত্তা বিগ টেকের মুনাফার থেকে বেশি গুরুত্বপূর্ণ। শিশুদের জন্য স্টপ অ্যাডিকটিভ ফিড এক্সপ্লয়েটেশন (Stop Addictive Feeds Exploitation, SAFE) আইন শিশুদের এমন আসক্তি সৃষ্টিকারী অ্যালগরিদম থেকে সুরক্ষা দেয় যা তাদের অনাকাঙ্ক্ষিত কনটেন্ট জোরপূর্বক দেখায় এবং তাদের মানসিক স্বাস্থ্যকে ঝুঁকির মধ্যে ফেলে। কমবয়সী মানুষকে নিরাপদ রাখা এবং একই সাথে নিউ ইয়র্কবাসীদের অনলাইনে গোপনীয়তা রক্ষা করা এবং সোশ্যাল মিডিয়া কর্পোরেশনকে জবাবদিহিতার আওতায় আনার মাধ্যমে এই নতুন বিধিমালাগুলি আইনটিকে বাস্তবে কার্যকর করছে। এই কাজটি শেষ করার ক্ষেত্রে তার গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য অ্যাটর্নি জেনারেল James-কে (জেমস) ধন্যবাদ। এক সাথে আমরা সব নিউ ইয়র্কবাসীর জন্য আরো নিরাপদ, আরো উন্নত একটি ইন্টারনেট গড়ে তুলছি।"

অ্যাসেম্বলির সদস্য Nily Rozic (নিলি রোজিক) বলেন, "একজন মা এবং আইনপ্রণেতা হিসেবে আমাদের শিশুদের নিরাপদ রাখা আমার সর্বোচ্চ অগ্রাধিকারগুলির একটি। SAFE for Kids-এর চূড়ান্ত বিধিমালা হলো সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলিকে জবাবদিহির আওতায় আনা এবং শিশুদের ক্ষতিকর ও আসক্তি সৃষ্টিকারী ফিচার থেকে সুরক্ষিত রাখার ক্ষেত্রে একটি

গুরুত্বপূর্ণ পদক্ষেপ। গভর্নর Hochul (হোকল) এবং অ্যাটর্নি জেনারেল James-এর (জেমস) নেতৃত্বের জন্য এবং নিউ ইয়র্ক যাতে পরিবারকে অগ্রাধিকার দেওয়ার ক্ষেত্রে শীর্ষ অবস্থানে থাকে তা নিশ্চিত করার জন্য আমি তাদের প্রতি কৃতজ্ঞ।"

Common Sense Media-এর ফাউন্ডার এবং CEO James P. Steyer (জেমস পি স্টেয়ার) বলেন, "SAFE for Kids Act বাস্তবায়নের জন্য চূড়ান্ত বিধিমালা প্রণয়নে অ্যাটর্নি জেনারেল Letitia James (লেটিশিয়া জেমস) এবং তার দল যে অসাধারণ কাজ করেছেন তার জন্য আমরা তাদের প্রশংসা করছি। শিশুদের জন্য স্টপ অ্যাডিকটিভ ফিড এক্সপ্লয়েটেশন (Stop Addictive Feeds Exploitation, SAFE) আইন, এবং এটি বাস্তবায়ন ও প্রয়োগের জন্য প্রণীত এই নতুন চূড়ান্ত বিধিমালাগুলির শিশুদের সোশ্যাল মিডিয়ার আসক্তি সৃষ্টিকারী নকশাগত ফিচার থেকে সুরক্ষিত রাখার ক্ষেত্রে একটি যুগান্তকারী অগ্রগামী পদক্ষেপ হওয়ার সম্ভাবনা রয়েছে। আমরা গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)-এর নেতৃত্ব, অ্যাটর্নি জেনারেল James (জেমস), এবং ঐতিহাসিক আইনটির পক্ষে কাজ করা স্টেটের সকল আইনপ্রণেতাদের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ। আসক্তি সৃষ্টিকারী সোশ্যাল মিডিয়ার ফিড নিয়ন্ত্রণ এবং শিশুদের ঘুম ও সুস্থতায় ব্যাঘাত ঘটানো গভীর রাতের নোটিফিকেশন সীমিত করার মাধ্যমে নিউ ইয়র্ক শিশুদের অনলাইনে সুরক্ষিত রাখার ক্ষেত্রে জাতীয় মানদণ্ড স্থাপন করছে। AI এবং সোশ্যাল মিডিয়ার ঝুঁকি থেকে শিশুদের সুরক্ষিত রাখতে এখনো আরো অনেক কাজ বাকি রয়েছে, তবে এই আইন এবং এর চূড়ান্ত বিধিমালাগুলি যুগান্তকারী।"

Mothers Against Media Addiction (MAMA)-এর ফাউন্ডার এবং এক্সিকিউটিভ ডিরেক্টর Julie Scelfo (জুলি স্কেলফো) বলেন, "নিউ ইয়র্কের SAFE for Kids Act শিশুদের অনলাইনে সুরক্ষিত রাখতে দেশের সব থেকে শক্তিশালী আইন যা নিশ্চিত করে যাতে তারা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মগুলিতে ব্যাপকভাবে ব্যবহৃত আসক্তি সৃষ্টিকারী অ্যালগরিদমের সংস্পর্শে না আসে। এই নতুন বিধিমালাগুলি এই ঐতিহাসিক আইন বাস্তবায়নের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ এবং অপরিহার্য পদক্ষেপ এবং অন্যান্য স্টেটের জন্য অনুকরণীয় পথ তৈরি করে। অ্যাটর্নি জেনারেল James (জেমস) এবং তার দলের সতর্ক ও অগ্রণী প্রচেষ্টার জন্য MAMA কৃতজ্ঞ। আসক্তি সৃষ্টিকারী এবং ক্ষতিকর ফিডের বিরুদ্ধে সরাসরি পদক্ষেপ নিয়ে নিউ ইয়র্ক বিগ-টেকের মুনাফার থেকে আমাদের শিশুদের নিরাপত্তা ও কল্যাণকে অগ্রাধিকার দিচ্ছে।"

এই ঘোষণাটি পুরো স্টেটে কমবয়সীদের মানসিক স্বাস্থ্য সঙ্কট মোকাবেলা করতে এবং শিশুদের অনলাইনে নিরাপদ রাখতে সাহায্য করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) চলমান চেষ্টাকে আরো অগ্রসর করছে। এই কাজটি শিশুদের জন্য একটি নিরাপদ অনলাইন বিশ্ব নিশ্চিত করতে নিউ ইয়র্ককে একটি বিশ্বব্যাপী নেতা হিসেবে প্রতিষ্ঠিত করেছে। এবং চলতি বছর অনুযায়ী, শিশুদের অনলাইনে নিরাপদ রাখার আইনের ক্ষেত্রে নিউ ইয়র্ক ইউনাইটেড স্টেটসে (U.S.) প্রথম স্থানে আছে। SAFE for Kids Act-এর পাশাপাশি অন্যান্য উদ্যোগগুলির মধ্যে রয়েছে:

- শিশু তথ্য সুরক্ষা আইন যা অনলাইন অপারেটরদের অবহিত সম্মতি ব্যতিরেকে শিশুদের তথ্য সংগ্রহ এবং তা থেকে অর্থ উপার্জন করতে বাধা দেয়।
- AI কম্প্যানিয়ন আইন যা দেশের মধ্যে প্রথমবারের মতো সুরক্ষা কবচ নির্ধারণ করেছে; এটি আত্মক্ষতি সংক্রান্ত ব্যবহারকারীর কথোপকথনগুলোকে মানসিক স্বাস্থ্য সংস্থান বা

রিসোর্সের দিকে চালিত করে এবং অস্বাস্থ্যকর আসক্তিমূলক আচরণগুলোকে বাধাগ্রস্ত করে।

- গভর্নর এআই-জেনারেটেড শিশুদের যৌন নির্যাতনমূলক সামগ্রীকেও (AI-Generated Child Sexual Abuse Material) বেআইনি ঘোষণা করেছেন।
- দ্য আনপ্লাগ অ্যান্ড প্লে এজেন্ডা (Unplug and Play Agenda), সামাজিক অবকাঠামো, খেলার মাঠ, কমিউনিটি সেন্টার এবং পুলের মতো ভৌত স্থাপনা এবং বিস্তৃত যুব কর্মসূচিতে অর্থায়নের মাধ্যমে স্বাস্থ্যকর সামাজিকীকরণ এবং শিশু বিকাশে সহায়তা করে।
- নিউ ইয়র্কের ডিস্ট্রাকশন ফ্রি লার্নিং (New York's Distraction Free Learning Policy) পলিসি যার অধীনে স্টেট ব্যাপী K-12 স্কুলগুলোতে ক্লাস চলাকালীন পুরো সময় স্মার্টফোন ব্যবহারে সম্পূর্ণ নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে; এর ফলে ইতোমধ্যেই শিক্ষার্থীদের শিক্ষাগত সাফল্য বৃদ্ধি পাচ্ছে, মানসিক ও শারীরিক সুস্থতার উন্নতি ঘটছে এবং একটি নিরাপদ স্কুল পরিবেশ তৈরি হচ্ছে।
- Social Media Warning Labels বিল যার মাধ্যমে সোশ্যাল মিডিয়া কোম্পানিগুলির জন্য মানসিক স্বাস্থ্যের উপর তাদের প্ল্যাটফর্মের সম্ভাব্য প্রভাব সম্পর্কে সতর্কীকরণ বার্তা প্রদর্শন আবশ্যিক করবে।
- Safe by Design Act, যা শিশুদের অনলাইনে শিকারি আচরণ থেকে সুরক্ষা দেয় এবং তাদের জন্য ডিফল্টভাবে সর্বোচ্চ গোপনীয়তা সেটিংস কার্যকর করে।
- কিশোর-কিশোরীদের মানসিক স্বাস্থ্যের প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ যা কমবয়সীদের মানসিক স্বাস্থ্য ও মাদকাসক্তি সংক্রান্ত সমস্যার সাধারণ লক্ষণ ও উপসর্গ সনাক্ত করার দক্ষতা অর্জনে সহায়তা করে এবং কীভাবে সাহায্য চাইতে হয় তা শেখায়।
- Youth Safe Spaces, যেখানে বিশ্বস্ত কমিউনিটির সংগঠনগুলি সমর্থক ও নিন্দা করা হবে না এমন পরিবেশ প্রদান করে যেখানে তরুণরা মানসিক সুস্থতা সংক্রান্ত সংস্থানের অ্যাক্সেস পাবে, সমকক্ষদের সাথে ইতিবাচক সম্পর্ক গড়ে তুলতে পারবে, এবং নন-ক্লিনিক্যাল কার্যক্রমে জড়িত হতে পারবে।
- নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য প্রিভেনশন অফ ডোমেস্টিক ভায়োলেন্সের (Office for the Prevention of Domestic Violence, OPDV) শুরু করা Power Down, Speak Up জনসচেতনতামূলক ক্যাম্পেইন যা পুরো স্টেটের কমবয়সীদেরকে অনলাইন নির্যাতন সনাক্ত করা ও তার সাড়াদান করতে সক্ষম করে তোলে এবং একই সাথে এটি অভিভাবক, শিক্ষক, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারীদেরকে কমবয়সীদের অনলাইনে নিরাপদ রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা প্রদান করে।
- OPDV-এর টেকনোলজি-ফ্যাসিলিটেড জেন্ডার-বেজড ভায়োলেন্স Technology-Facilitated Gender-Based Violence (TFGBV) প্রশিক্ষণ, যা ইতোমধ্যে 4,000-এর বেশি কমবয়সী, অভিভাবক, শিক্ষক, এবং আইন শৃঙ্খলা রক্ষাকারী পেশাদারদের অনলাইন নির্যাতন প্রতিরোধ ও তার সাড়াদানের বিষয়ে প্রশিক্ষণ দিয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।